# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**09 OCTOBER 2025** **7:45—7:55 PM**

---

১) নারী শক্তিকে আত্মনির্ভরশীল করে তোলার দিকে মুখ্যমন্ত্রী মহিলা উদ্যমিতা অভিযান এক সূচনা বলে মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মার প্রকাশ ।

২) বিটিসির প্রথম পরিষদীয় সভার অধিবেশন আজ কোকরাঝাড়ে অনুষ্ঠিত ।

৩) পশ্চিম কার্বি আংলং জেলার আসাম মেঘালয় সীমান্তবর্তী অঞ্চলে ধান কাটাকে কেন্দ্র করে সংগঠিত সংঘর্ষে একজনের মৃত্যু ।

এবং

৪) আসাম পুলিশের বিভিন্ন পদের পরীক্ষার চূড়ান্ত ফলাফল আগামীকাল ঘোষনা ।

-----------------------------------------------------------------------------------

মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা মুখ্যমন্ত্রী মহিলা উদ্যমিতা অভিযান নারী শক্তিকে আত্মনির্ভরশীল করে তোলার দিকে এক সূচনা বলে প্রকাশ করেছেন । তিনি বলেন যে আত্মসহায়ক গোষ্ঠীর সদস্যাদের লাখপতিতে উন্নীত করার জন্য রাজ্য সরকার প্রতিশ্রুতিবদ্ধ । ধেমাজি জেলার সিমেন সাপরিতে আজ মুখ্যমন্ত্রী মহিলা উদ্যমিতা প্রকল্পের অধীনে আত্মসহায়ক গোষ্ঠীর মহিলাদের উদ্যমিতা তহবিলের অর্থ বিতরণ করে দেওয়া ভাষনে মুখ্যমন্ত্রী একথা বলেন । আসামের নারী সমাজ রাজ্যে অর্থনৈতিক বিপ্লবের সূচণা করেছে বলে উল্লেখ করে ড: শর্মা বলেন যে ভবিষ্যতে ৪০ লক্ষ মহিলা ৮৫ হাজার টাকা পর্যন্ত উদ্যমিতা অর্থ লাভ করলে আসামের গ্রামীন অর্থনীতিতে নিশ্চিতভাবে যুগান্তকারী পরিবর্তন আসবে । মুখ্যমন্ত্রী মহিলা উদ্যমিতা অভিযানের মাধমে সরকার কৃষি , পশুপালন ,হস্ততাত ও হস্তশিল্পকে প্রাধান্য দিয়ে বিভিন্ন ক্ষেত্রে

মহিলা উদ্যেগীদের বিকাশের মাধ্যমে গ্রামাঞ্চলে জীবিকার বিকল্প সম্ভাবনার প্রসার ঘটানোর লক্ষ্য নির্ধারণ করেছে বলে মুখ্যমন্ত্রী উল্লেখ করেন ।

---------------------------------------------------------------------------------------

প্রাক্তন রেল প্রতিমন্ত্রী রাজেন গোহাঁই আজ বিজেপির সদস্য পদ থেকে পদত্যাগ করেন । শ্রী গোহাই গৌহাটীর বশিষ্ঠর অটল বিহারী বাজপেয়ী ভবনে বিজেপির রাজ্য সভাপতি দিলীপ শইকীয়াকে তার পদত্যাগ পত্র দাখিল করেন । দলত্যাগের পর সাংবাদিকদের সংগে কথা বার্তার সময় শ্রী গোহাই বলেন যে তিনি অটল বিহারী বাজপেয়ী , মূরলী মনোহর যোশীর মতো প্রবীন নেতাদের আদর্শে অনুপ্রাণিত হয়ে বিজেপিতে যোগদান করেছিলেন । বর্তমানে তিনি দলটির কাজকর্ম নিয়ে ক্ষোভ প্রকাশ করেন । ভবিষ্যতে রাজনীতিতে থাকবেন না থাকবেন না সে সম্পর্কে পরবর্তী সময়ে সিদ্ধান্ত নেবেন বলে শ্রী গোহাই মন্তব্য করেন ।

---------------------------------------------------------------------------------------

বিটিসির নবগঠিত হাগ্রামা মহিলারী নেতৃত্বাধীন বিপিএফ সরকারের প্রথম পরিষদীয় সভার অধিবেশন আজ কোকরাঝারের বড়োফা নগরের বিটিসি পরিষদীয় ভবনে অনুষ্ঠিত হয়েছে । বি পি এফের ২৮ জন , ইউ পিপিএলের ৫ জন এবং বিজেপির ৪ জন সহ মোট ৩৭ জন নব নির্বাচিত সদস্য আজ বিটিসি সরকারের আনুষ্ঠানিক শুভারম্ভ উপলক্ষে শপথ গ্রহণ করে ।

---------------------------------------------------------------------------------------

পশ্চিম কার্বিআংলং জেলার আসাম -মেঘালয় সীমান্তবর্তী তাপাত অঞ্চলে আজ ধান কাটা নিয়ে উভয় রাজ্যের লোকেদের মধ্যে সংঘর্ষের সৃষ্টি হয় । আকাশবাণীর পশ্চিম কার্বিআংলংয়ের সংবাদদাতা জানিয়েছেন যে এই ঘটনায় একজন লোক নিহত হওয়া সহ আরও একজন গুরুতর আহত হয় । আসাম পুলিশ ঘটনাস্থলে পৌছে পরিস্থিতি নিয়ন্ত্রণের জন্য কাঁদানে গ্যাস প্রয়োগ করে । বর্তমানে পরিস্থিতি নিয়ন্ত্রনে রয়েছে তবে অঞ্চলটিতে চাপা উত্তেজনা রয়েছে। উল্লেখ্য গত ৬ অক্টোবর উভয় রাজ্যের সীমান্তবর্তী শান্তি কমিটির মধ্যে অনুষ্ঠিত একটি বৈঠকে সীমান্ত অঞ্চলে শান্তি বহাল না হওয়া পর্যন্ত উভয় পক্ষ কৃষি কাজ সহ সব উন্নয়নমূলক কাজকর্ম স্থগিত রাখার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছিল ।

---------------------------------------------------------------------------------------

লামডিং - বদরপুর পাহাড় লাইনের পরিকাঠামো এবং পরিচালনাগত সুরক্ষা বৃদ্ধিতে উত্তরপূর্ব সীমান্ত রেলওয়ে বেশ কিছু গুরুত্বপূর্ণ পদক্ষেপ গ্রহণ করেছে । বিহাড়া - হিলারা সেকশনে সেতু সংস্কার করা সহ ডিহাখু - মুপা সেকশনে ট্র্যাক সুরক্ষা উন্নত

করা হয়েছে ।উত্তরপূর্ব সীমান্ত রেল এই অঞ্চলের সুরক্ষা , নিরবচ্ছিন্ন রেল যোগাযোগ নিশ্চিত করার জন্য সক্রিয় প্রকৌশল এবং পর্যবেক্ষণ অব্যাহত রেখেছে ।

---------------------------------------------------------------------------------------

আসাম পুলিশের বিভিন্ন পদের পরীক্ষার চূড়ান্ত ফলাফল আগামীকাল ঘোষনা করা হবে । রাজ্য পর্যায়ের পুলিশ নিযুক্তি বোর্ডের ডব্লু ডব্লু ডব্লু . এস এল পি আর বি আসাম . ইন ওয়েবসাইটে আগামীকাল সকাল সাড়ে ১১ টায় ফলাফল ঘোষনা করা হবে । আগামীকাল আসাম পুলিশের ১৪৪ টি উপপরিদর্শক পদ , আসাম পুলিশের সম্প্রচার সংগঠনের ৭ টি উপ পরিদর্শক পদ , আসাম কমান্ডো ব্যাটেলিয়ানের ৫১ টি উপ পরিদর্শক পদ ও ১৬৪ টি কনষ্টেবল পদ সহ অন্যান্য পদগুলির জন্য আয়োজন করা পরীক্ষাগুলির ফলাফল আগমীকাল ঘোষনা করা হবে ।

এদিকে আসাম প্রত্যক্ষ নিযুক্তি পরীক্ষার তৃতীয় শ্রেনীর ফলাফল আগামীকাল সাড়ে ১০ টায় ঘোষনা করা হবে । পরীক্ষার্থীরা আসাম প্রত্যক্ষ নিযুক্তি পরীক্ষার সংশ্লিষ্ট ওয়েবসাইটে গিয়ে তাদের ফলাফল জানতে পারবে ।মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা এসম্পর্কে বলেন ।

---------------------------------------------------------------------------------------

কাছাড় পুলিশ শিলচর রংপুরে মাদক বিরোধী আভিযান চালিয়ে ২১ হাজার ৬০০ বোতল কফ সিরাপ বাজেয়াপ্ত করেছে । গোপন সূত্রের খবরের ভিত্তিতে অভিযান চালিয়ে পার্শ্ববর্তী রাজ্য থেকে আসা একটি গাড়ি আটক করে তল্লাশী চালানোর সময় এই নিষিদ্ধ কফ সিরাপ বাজেয়াপ্ত করা হয় । যার বাজার মূল্য প্রায় ২ কোটি ১৬ লক্ষ টাকা হবে বলে অনুমান করা হচ্ছে । এই ঘটনায় পুলিশ দুজন সরবরাহকারীকে গ্রেপ্তার করেছে ।

---------------------------------------------------------------------------------------

হাইলাকান্দি পুলিশ আজ জেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের আশে-পাশে থাকা ব্যবসা প্রতিষ্ঠানে অভিযান চালিয়ে তামাকজাত সামগ্রী বাজেয়াপ্ত করেছে । এছাড়া এই অভিযানে মোট তিন হাজার দুশ টাকা জরিমানা আদায় করা হয়েছে । জেলা অতিরিক্ত পুলিশ সুপার সমীর দপ্তর বরুয়া জানান যে আজ জেলাজুড়ে অভিযান চালানো হয়েছে । শিক্ষা প্রতিষ্ঠানের একশ মিটার ব্যাসার্ধের মধ্যে তামাকজাত সামগ্রী বিক্রির অপরাধে আজ ১৬ জন দোকান মালিককে জরিমানা করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

লক্ষীপুর সম জেলার লাবক চাবাগানের খেলার মাঠে আজ এক মেগা স্বাস্থ্য শিবিরের আয়োজন করা হয়েছে । সম জেলা প্রশাসন এবং স্বাস্থ্য বিভাগের যৌথ উদ্যোগে

আয়োজিত সুশ্রুষা সেতু শীর্ষক বিধানসভা ভিত্তিক এই শিবিরে স্থানীয় লোকেদের জন্য বিনামূল্যে স্বাস্থ্য পরীক্ষা , ওষুধ বিতরণ এবং বিশেষজ্ঞ চিকিৎসকদের পরামর্শের ব্যবস্থা করা হয়েছে । শিবিরে ৫ হাজারেরও অধিক লোকের চিকিৎসা করা হয় । শিবির উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বরাক উপত্যকা উন্নয়ন বিভাগের মন্ত্রী কৌশিক রাই , জেলা আয়ুক্ত মৃদুল যাদব , পুলিশ সুপার নোমাল মাহাত্তা শিলচর মেডিক্যাল কলেজ ও হাসপাতালের অধ্যক্ষ ডাঃ ভাষ্কর গুপ্ত প্রমুখ ।

-----------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলা জাতীয় স্বাস্থ্য মিশনের উদ্যোগে আগামীকাল রামকৃষ্ণনগর কলেজে বিধানসভা পর্য্যায়ের মেগা স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হবে । শিবিরে রামকৃষ্ণনগর বিধানসভা এলাকার শূন্য থেকে ১৮ বছর বয়স পর্য্যন্ত কিশোর-কিশোরীদের স্বাস্থ্য পরীক্ষা করা হবে । সকাল ৯টা থেকে এই শিবির শুরু হবে । জেলা স্বাস্থ্য বিভাগের পক্ষ থেকে জনসাধারনের কাছে মেগা স্বাস্থ্য শিবিরের সুযোগ গ্রহন করতে আহ্বান জানানো হয়েছে ।

-----------------------------------------------------------------------------------

ভারতীয় সেনা বাহিনীর উদ্যোগে যুদ্ধবিদ ও প্রবীন সেনানীদের কল্যানে আজ মাসিমপুর সামরিক ছাউনিতে সেনা সমাবেশের আয়োজন করা হয়েছে । এ উপলক্ষ্যে সকালে একটি র‍্যালীর আয়োজন করা হয় । র‍্যালীতে কাছাড় , শ্রীভূমি, হাইলাকান্দি ও ডিমা হাসাও জেলা থেকে প্রায় ১২শ প্রাক্তন সৈনিক ও তাদের পরিবারের সদস্যরা অংশগ্রহন করেন । সমাবেশে বক্তব্য রাখতে গিয়ে মেজর জেনারেল সুরেশ ভামবু বলেন যে প্রবীন সৈনিকরা দেশ সেবা করেছেন এবং আমাদের দায়িত্ব হচ্ছে তাদের সুস্থ রাখা । পরে একটি স্বাস্থ্য শিবিরও অনুষ্টিত হয়েছে ।

-----------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলার কালিনগর ও মনাছড়ায় আজ জাতীয় দূর্যোগ মোকাবিলা বাহিনীর পক্ষ থেকে বির্পযয় মোকাবিলা সংক্রান্ত দুটি মক ড্রিল পরিচালনা করা হয় । কালিনগর হাসপাতালে আয়োজিত মক ড্রিলে হাসপাতালের সেফটি অডিট পরীক্ষা করে দেখা হয় এবং মনাছড়ার জওহর নবোদয় বিদ্যালয়ে অগ্নিকান্ড সর্ম্পকিত সচেতনা শিবির অনুষ্ঠিত হয়েছে ।

-----------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলা ক্রীড়া সংস্থার উদ্যোগে আয়োজিত সিনিয়র ডিভিশন লীগ কাম নক আউট ফুটবল প্রতিযোগীতার আজকের চর্তুথ কোয়াটার ফাইনালে লালা টাউন ফুটবল একাডেমী ৩-০ গোলে চন্দ্রপুর এফ সি-দলকে পরাজিত করেছে । নেতাজী সুভাষ চন্দ্র

বসু স্টেডিয়ামের মাঠে আয়োজিত প্রতিযোগীতার আগামীকালের প্রথম সেমি-ফাইনালে স্পোর্টিং ইউনিয়ন , ব্লাড মাউথ অ্যাথেলেটিক ক্লাবের মুখোমুখি হবে ।

---------------------------------------------------------------------------------